

স্মারক নং- ৩৩.০১.০০০০.৭০৫.০৫.৩২.১৮- ২১০২

তারিখ : ১২/১২/২০২১খ্রিঃ

## AIF-3 প্রস্তাবনা আহ্বান বিজ্ঞপ্তি নং - ৭

বিষয় : পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে প্রাণিসম্পদ উদ্যোক্তাদের আর্থিক সহায়তা (ম্যাচিং গ্রান্ট) প্রদানের নিমিত্ত উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রযুক্তি হস্তান্তর এবং বাজার প্রবেশাধিকার সুবিধার জন্য পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর আওতায় এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-৩ (AIF-3) থেকে PO, CEAL, CIG, এবং গ্রামীণ কৃষিজ (প্রাণিসম্পদ) ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের নিকট উপ-প্রকল্পের মাধ্যমে অফেরত যোগ্য “ম্যাচিং গ্রান্ট” হিসাবে আর্থিক সহায়তা প্রদান করা হবে। এ জন্য নিম্নে বর্ণিত যোগ্যতা সম্পন্ন উদ্যোক্তাকে নিজ নিজ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার মাধ্যমে উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করার নিমিত্ত AIF-3 উপ-প্রকল্প প্রস্তাবনা আহ্বান করা হলো।

### AIF-3 আবেদনকারী উদ্যোক্তার ধরণ ও যোগ্যতা:

- আবেদনকারী CIG, Producer Organization (PO) অথবা বেসরকারী উদ্যোক্তা প্রতিষ্ঠানকে উত্তম মানসম্পন্ন, সরকারীভাবে নিবন্ধিত বা ট্রেড লাইসেন্সধারী এবং কোন বাণিজ্যিক ব্যাংকে উক্ত প্রতিষ্ঠানের নামে ব্যাংক একাউন্ট পরিচালিত হতে হবে।
- প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোতে প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে যোগ্যতার ভিত্তিতে AIF-3 এর অনুদান প্রদান করা হবে।
- প্রস্তাবিত উপ-প্রকল্পটি বাস্তবায়নে সময়ের সাথে পালাক্রমে উৎপাদন ও আয় বৃদ্ধিতে সহায়ক হবে এবং স্বয়ংক্রিয়ভাবে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম বলে বিবেচিত হলে AIF-3 “ম্যাচিং গ্রান্ট” এর জন্য যোগ্য হবে।
- এনএটিপি-২ প্রকল্প মেয়াদে কোন একজন উদ্যোক্তা AIF-3 এর “ম্যাচিং গ্রান্ট” একবারই প্রাপ্য হবেন।
- একটি উপ-প্রকল্পে AIF-3 থেকে সর্বোচ্চ প্রদেয় আর্থিক অনুদানের পরিমাণ হবে উক্ত উপ-প্রকল্পের প্রাক্কলিত মোট বাজেট বরাদ্দের সর্বোচ্চ ৫০%, অর্থাৎ অনধিক ৫.৮১ লক্ষ টাকা। অবশিষ্ট ৫০% অর্থাৎ ৫.৮১ লক্ষ টাকা উদ্যোক্তাকে নিজস্ব তহবিল থেকে প্রদান করতে হবে। এ জন্য উদ্যোক্তার ব্যাংক একাউন্টে উদ্যোক্তার অংশের সমপরিমাণ টাকা জমা থাকতে হবে। ফলে একটি উপ-প্রকল্পে AIF-3 অনুদান ও উদ্যোক্তা তহবিল মিলে সর্বোচ্চ বাজেট বরাদ্দের পরিমাণ হবে ১১.৬২ লক্ষ টাকা। যদি কোন কারণে উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দের চেয়ে অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে উদ্যোক্তার নিজস্ব তহবিল থেকে উক্ত অতিরিক্ত ব্যয় মিটাতে হবে। যদি প্রস্তাবিত উপ-প্রকল্পের জন্য সর্বোচ্চ বাজেট বরাদ্দ অর্থাৎ ১১.৬২ লক্ষ টাকা

চলমান পৃষ্ঠা - ২

থেকে কম বরাদ্দের প্রয়োজন হয়, সে ক্ষেত্রে AIF-3 ও উদ্যোক্তা কর্তৃক প্রদেয় টাকার পরিমাণ আনুপাতিক হারে কমে যাবে।

৬. উপ-প্রকল্প প্রস্তুত করার সময় প্রকল্প ছক যথাযথভাবে পূরণ করতে হবে। উপ-প্রকল্প ছক পূরণে বিভিন্ন খাতওয়ারী টাকার হিসাবে AIF-3 অনুদান ও উদ্যোক্তার অংশের টাকার পরিমাণ লিখতে ভুল করা যাবে না। উদ্যোক্তা প্রতিষ্ঠানের জন্য AIF-3 উপ-প্রকল্প প্রস্তুত করার ছক পূর্বের ন্যায় একই থাকবে।
৭. উপ-প্রকল্পের মূল কপি দাখিল করতে হবে, ফটো কপি/সফট কপি গ্রহণযোগ্য হবে না।
৮. আত্রহী উদ্যোক্তাকে নির্ধারিত ছকে (ছক সংযুক্ত) উপ-প্রকল্প প্রস্তাব তৈরী করে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৪৫ দিনের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে দাখিল করতে হবে।
৯. অত্র বিজ্ঞপ্তি মোতাবেক AIF-3 উপ-প্রকল্প প্রস্তাবনা প্রেরণের শেষ তারিখ আগামী ২৬ জানুয়ারী ২০২২।
১০. পিআইইউ : প্রাণিসম্পদ অংগ, এনএটিপি-২ এর [www.natpdl.gov.bd](http://www.natpdl.gov.bd) ওয়েবসাইটে AIF-3 ব্যবহার সম্পর্কিত নির্দেশিকা দেয়া আছে। উক্ত নির্দেশিকায় AIF-3 ব্যবস্থাপনা, বাস্তবায়ন পদ্ধতি, উপ-প্রকল্প প্রণয়ন ইত্যাদি বিষয়ে বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। উক্ত নির্দেশিকা মোতাবেক যোগ্য উদ্যোক্তাদের নিকট থেকে উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণ ও পরবর্তী কার্যক্রম পরিচালনা করার জন্য এনএটিপি-২ ভুক্ত সকল উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

  
ডা. এ. এন. এম. গোলাম মহিউদ্দিন  
পরিচালক

প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) : প্রাণিসম্পদ অংগ  
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম  
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২)  
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা-১২১৫।

#### কার্যার্থে :

- ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ২৭০টি উপজেলা।

CIG, Producer Organization (PO) এবং তালিকাভুক্ত বেসরকারী উদ্যোক্তা (প্রাণিসম্পদ) প্রতিষ্ঠান এর নিকট অত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য সংশ্লিষ্ট উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।

#### সদয় জ্ঞাতার্থে :

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), ঢাকা।
- ৩। পরিচালক (সম্প্রসারণ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৪। পরিচালক (উৎপাদন), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষিখামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ।
- ৬। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, এনএটিপি-২ ভুক্ত ৫৭টি জেলা।
- ৭। অফিস কপি।